# স্থানীয় জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যকে সামনে রেখে রেডিও মেঘনা এগিয়ে চলেছে

## রেডিও মেঘনা তৃতীয় বর্ষে পদার্পণ, ১৮ ফেব্রুয়ারি, ২০১৭

### চরফ্যাশন, ভোলা

---

**ভূমিকা:**

দ্বীপ জেলা ভোলার দক্ষিণে অবস্থিত চরফ্যাসন উপজেলা । এই উপকূলীয় অঞ্চলে বেসরকারি প্রতিষ্ঠান কোস্ট ট্রাস্ট দীর্ঘ ১৮ বছর ধরে দরিদ্র, অসহায়, সুবিধাবঞ্চিত মানুষকে নিয়ে বিভিন্ন সেবামূলক কাজের পাশাপাশি মানুষের আর্থ–সামাজিক উন্নয়নের জন্যও নিরলসভাবে কাজ করে আসছে। এরই ধারাবাহিকতায় কোস্ট ট্রাস্ট বিশ্বাস করে কমিউনিটি পর্যায়ে সচেতনতা, অভ্যাস–পরিবর্তন এবং বিনোদন ও সমসাময়িক তথ্য সম্পর্কে সাধারণ মানুষের দোঁড়গোড়ায় সেবা পোঁছে দেবার বড় মাধ্যম হলো কমিউনিটি রেডিও। তাই অনেক চেষ্টা, প্রত্যাশা ও স্বপ্ন নিয়ে কোস্ট ট্রাস্ট গত ১৮ ফেব্রুয়ারি–২০১৫ সালে নিজ কার্যালয় ভোলা ব্যবস্থাপনা প্রশিক্ষণ কেন্দ্র, চরফাসনে রেডিও মেঘনা স্থাপন করে।




রেডিও মেঘনার উদ্দেশ্য হলো অংশগ্রহণমূলক রেডিও অনুষ্ঠানের মাধ্যমে উপকূলীয় প্রান্তিক জনগোষ্ঠির মধ্যে সামগ্রিকভাবে জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা এবং মানবাধিকার সচেতন সক্রিয় নাগরিকত্ব গড়ে তোলা।

কোস্ট ট্রাস্ট যে বিষয় গুলোকে বেশি প্রাধান্য দিয়ে উপকূলীয় অঞ্চলে রেডিও মেঘনা স্থাপন করেছে তাহলো:



- উপকূলে নিয়োজিত আইন শৃঙ্খলা কর্তৃপক্ষের সাথে মতবিনিময়ের মাধমে সমুদ্রগামী ক্ষুদ্র মৎস্যজীবি এবং বিচ্ছিন্ন ক্ষুদ্র দ্বীপবাসীর নিরাপত্তা নিশ্চিত করতে অবদান রাখা।
- মেঘনার অববাহিকায় ইলিশসহ সামগ্রিক মৎস্য সংরক্ষণে স্থানীয় জেলে ও কর্তৃপক্ষের সহায়তায় প্রাকৃতিক মৎস্য ব্যবস্থাপনা গড়ে তোলার কাজে ভূমিকা রাখা।
- জলবায়ু পরিবর্তনের সবচেয়ে বেশি প্রভাবান্বিত জনগোষ্ঠী হিসেবে বিচ্ছিন্ন ও চর ও উপকূলবাসীর মধ্যে জলবায়ু সহায়ক কৃষি এবং বৈচিত্রপূর্ণ খাদ্য উৎপাদনে কৃষকের সক্ষমতা তৈরির মাধ্যমে উপকূলের খাদ্য নিরাপত্তা গড়ে তুলতে ভুমিকা রাখা।
- বিশেষ করে শিশু বিবাহ, পারিবারিক নির্যাতন বিরোধী সচেতনতা গড়ে তোলার মাধ্যমে নারীর সমতা ও সাম্যতা গড়ে তোলা।
- শহর ও গ্রামের মধ্যে ডিজিটাল বৈষম্য দুর করা এবং ডিজিটাল ন্যায় বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে উপকূলে অবহেলিত মানুষের মাঝে জ্ঞান, তথ্য ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিতে সহায়তা করা।
- স্থানীয় জনগোষ্ঠির, বিশেষ করে যুব নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর মেয়েদের রেডিও উপস্থাপক ও প্রযোজক হিসেবে গড়ে তোলা যাতে তথ্য প্রযুক্তিতে নারীর অংশগ্রহণের মাধ্যমে নিজেদের উন্নয়েন তারা সক্রিয় ভূমিকা রাখতে পারে।
- কোস্ট ট্রাস্ট মনে প্রাণে বিশ্বাস করে জবাবদিহিতা, স্বচ্ছতা এবং ফিড ব্যাক ব্যাক্তিকে যেমনি অগ্রগামী করে তোলে তেমনি প্রতিষ্ঠানকেও । তাই শ্রোতা সাধারণকে রেডিও অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণে উদ্বুদ্ধ করার মাধ্যমে স্থানীয় যথাযথ ও স্থায়িত্বশীল জীবনযাপন গড়ে তোলা যেখানে মানবাধিকার ও গণতান্ত্রিক নাগরিক চর্চাই হবে প্রধান।

**দ্বিতীয় বর্ষপূর্তি উদযাপন:**

গত ১৮ ফেব্রুয়ারি, ২০১৭ কোস্ট ট্রাস্ট এর কমিউনিটি রেডিও 'রেডিও মেঘনা' ৩য় বর্ষে পদার্পণ উপলক্ষ্যে নাগরিক সমাজ ও শ্রোতাদের নিয়ে একটি বনাঢ্য র‍্যালীর আয়োজন করা হয়। র‍্যালিটি রেডিও মেঘনার সভাপতি চরফ্যাশনের উপজেরা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মনোয়ার হোসেনের নেতৃত্বে সকাল ১০ টায় উপজেলা পরিষদ চত্বর থেকে চরফ্যাসন বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সকাল ১১:৩০ টায় ব্রজগোপাল টাউন হলে সমাপ্ত হয়।



এই কর্মসূচির মাধ্যমে রেডিও-র অনুষ্ঠান, ব্যবস্থাপনার সাথে নাগরিক সমাজ ও শ্রোতাদের সক্রিয় অংশগ্রহণ এবং যোগাযোগ সৃষ্টি করা হয়। মেঘনার মূল্যবোধ স্বেচ্ছাশ্রম, স্থানীয় সংস্কৃতি, জ্ঞানে বৈশ্বিক অংশগ্রহনমূলক এবং জানার অধিকার ইত্যাদি সকলের মধ্যে তুলে ধরা হয়। এছাড়া রেডিও কাঙ্খিত শ্রোতাগোষ্ঠী- দরিদ্র পরিবার, নারী ও কিশোরী, ক্ষুদ্র মৎসজীবী, প্রান্তিক কৃষক এবং প্রান্তিক ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর মধ্যে প্রচারণা চালানো হয়।

সাধারণ জনগোষ্ঠী যাতে রেডিওর অনুষ্ঠান আরো অংশগ্রহণমূলক করার লক্ষ্যে প্রতিবছরের ন্যায় এবারও শ্রোতাদের জন্য আর্কষণীয় কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। রেডিওতে গড় ২-১৭ ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত 'রবীন্দ্রনাথ ঠাকুর কোন মহাকাব্যের জন্য নোবেল পুরস্কার পেয়েছেন' এই প্রশ্নটি প্রচার করা হয়। সঠিক উত্তর লিখে যেই শ্রোতা যতবেশি ম্যাসেজ পাছান তিনি প্রথম পরবর্তী জন ২য় এবং তারপরের ব্যক্তি ৩য় স্থান অর্জন করেন। বিজয়িদের পুরুস্কার বিতরণ করা হয় ১৮ ফেব্রুয়ারি -রেডিও মেঘনার প্রতিষ্ঠাবার্ষিকীতে।

**বর্ষপূতি অনুষ্ঠানে অতিথিগণ কুইজ প্রতিযোগি বিজয়ীদের পুরস্কার বিতরণ:**



- ১ম বিজয়ী সাখাওয়াত হোসেন শিমুলকে পুরস্কার প্রদান করেন জনাব জয়নাল আবেদিন আখন, চেয়ারম্যান-উপজেলা পরিষদ, চরফ্যাসন-ভোলা।
- ২য় বিজয়ী ফেরদৌস আক্তার লিমাকে পুরস্কার প্রদান করেন জনাব মোহাম্মদ মনোয়ার হোসেন, উপজেলা নির্বাহি কর্মকর্তা, চরফ্যাসন-ভোলা।
- ৩য় বিজয়ী জাহিদুল ইসলাম আকবরকে পুরস্কার প্রদান করেন জনাব হিরন্ময় বিশ্বাস, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা-চরফ্যাসন-ভোলা

**শ্রোতা ফিড ব্যাক :**

রেডিও মেঘনার প্রচার এলাকা মেঘনার অববাহিকা,বিচ্ছিন্ন ও ক্ষুদ্র দ্বীপসমূহ ( ভোলার চরফ্যাসনও মনপুরা), নদীভাঙ্গান ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকা। কিন্তু এখনও সকল এলাকার জনগোষ্ঠী রেডিও শুনতে পায় না। কারন ফিক্যুয়েন্সি বাড়ানোর জন্য আবেদন করার পর তা প্রক্রিয়াধীন আছে। প্রচারের জন্য বিশেষ বিশেষ জায়গায় ব্যানার/সাইনবোর্ড এবং ইজিবাইক, বাস অটো রিক্সায় স্টিকার লাগানোর পর শ্রোতারা পরামর্শ দেন। র‍্যালী বা সভা সমাবেশের মাধ্যমেও এর উপস্থিতি এবং গুরুত্ব অনেকের মাঝে তুলে করা যায় বলে শ্রোতারা মত দেন।

**বর্ষপূর্তি অনুষ্ঠানের সবল দিক :**

- স্বউদ্যোগে শতভাগ অংশগ্রহণকারী উপস্থিত হয়েছেন।
- উপজেলা চেয়ারম্যান ও পৌর কাউন্সিলার উপস্থিত ছিলেন।
- সরকারি কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।
- সাংবাদ কর্মী উপস্থিত ছিলেন এবং
- অনলাইন মিডিয়া ও স্থানীয় এবং জাতীয় পত্রিকায় কভারেজ হয়েছে।

**বর্ষপূর্তি অনুষ্ঠানের দুর্বল দিক :**

- আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান করা হয়নি।

র‍্যালিতে গণ্যমান্য ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন-জনাব জয়নাল আবেদিন আখন্দ, চেয়ারম্যান-উপজেলা পরিষদ, চরফ্যাসন-






ভোলা; জনাব মোহাম্মদ মনোয়ার হোসেন- উপজেলা নির্বাহি কর্মকর্তা, চরফ্যাসন-ভোলা; জনাব হিরন্ময় বিশ্বাস-উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা-চরফ্যাসন-ভোলা; পৌর কাউন্সলার, সাংবাদিক বৃন্দ, চরফ্যাসন থানা প্রতিনিধি, বাজার ব্যবসায়ী, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রীবৃন্দ, রেডিও অন্যান্য শ্রোতাবৃন্দ, কোস্ট ট্রাস্টের আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারি জনাব মোঃ নুর-ই-আলমসহ ক্ষুদ্রঋণ কার্যক্রম এর কর্মী, ইসিএম প্রকল্পের কর্মী, সিএলএস প্রকল্পের কর্মী, বিএমটিসিসহ রেডিও মেঘনার কর্মী ও ইন্টার্নগণ।

**গত দুই বছরে রেডিও মেঘনার অর্জন :**

১. রেডিওর উপস্থাপক, প্রযোজক এবং কারিগরি ও নিউজ করার জন্য দক্ষ কিশোরী তৈরি হয়েছে।
২. রেডিও'র সময় সীমা ২ ঘন্টা থেকে ৬ ঘন্টায় উন্নতি করা হয়েছে।
৩. সংবাদ প্রচারের সময়সীমা বৃদ্ধি করা হয়েছে।
৪. সরকারি বিভিন্ন উন্নয়ন মেলায় মিডিয়া পার্টনার হিসেবে রেডিও মেঘনা যুক্ত ছিল।
৫. নিয়মিত অনুষ্ঠানের পাশাপাশি সরকারী বিভিন্ন বিশেষ ইভেন্ট নিয়ে অনুষ্ঠান প্রচার অব্যাহত রয়েছে।
৬. রোয়ানু (৫৫ঘন্টা), কোমেন ( ১৭ ঘন্টা) ও নাডা ( ১৯ ঘন্টা ) ঘূর্ণিঝড় মোকাবেলায় জনগনকে সতর্ক করার লক্ষ্যে নিরবিচ্ছিন্ন অনুষ্ঠান (দুর্যোগ সতর্ক বার্তা) প্রচার করা হয়।
৭. রেডিও মেঘনার ওয়েবসাইট এবং ফেসবুক পেইজে নিয়মিত আপডেট এবং রেডিও মেঘনা অনলাইনে বিশ্বেও যেকোন প্রান্ত থেকে শুনতে পাওয়া যায়।
৮. রেডিও মেঘনার নিয়মিত উপদেষ্ঠা কমিটির সভা হয়।
৯. রেডিও কর্মী ও ইন্টার্নগণের সাথে স্টেকহোল্ডারদের সুসম্পর্ক রয়েছে।

**যেসব অনলাইন ও স্থানীয় ও জাতীয় পত্রিকায় কভারেজ হয়েছে তা নিম্নরূপ:**

**অনলাইন : www.bholabani.com**

**স্থানীয় পত্রিকা:**

১. দৈনিক সংবাদ সকাল
২. দৈনিক ভোরের আলো
৩. দৈনিক প্রথম সকাল
৪. দৈনিক অঙ্গীকার

**জাতীয় পত্রিকায়:**

১. দৈনিক ইত্তেফাক ১৩ পৃষ্ঠায়।